



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

Phone : 024777-52920  
Email-pccollege1918@gmail.com,  
pccollegepr@yahoo.com  
EIIN-114830  
Website : [www.govtpccollege.edu.bd](http://www.govtpccollege.edu.bd)

## সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

নং ৯৮২

তারিখ : ২৩/১০/২০২৪ খ্রি.

### স্নাতক (পাস) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে চূড়ান্ত ভর্তির সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকার ভর্তি নিম্নোক্ত প্রক্রিয়া ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন হবে-

(১) ভর্তিছু শিক্ষার্থীরা ২৬/১০/২০২৪ খ্রি. হতে ০৭/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) ওয়েব ঠিকানায় প্রবেশ করে Applicant Login অপশনে গিয়ে Degree Pass Login লিংকে আবেদনপত্রের রোল ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফর্ম পূরণ করবে এবং ডাউনলোড করে A4 কাগজে হার্ডকপি প্রিন্ট করবে।

(২) শিক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করার পর ২৭/১০/২০২৪ খ্রি. হতে ১০/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ই-পেমেন্ট এর মাধ্যমে নিম্নোক্ত ফি জমা দিবেঃ

ভিত্তি বিষয়	টাকার পরিমাণ
বিএ/ বিএসএস/ বিবিএস	৩,০২০/-
বিএসসি	৩,১৪০/-

ই-পেমেন্ট এর মাধ্যমে ফি জমাদান পদ্ধতিঃ

ধাপ ১- শিক্ষার্থী <https://pccollege.studentpay.net/online-admission> এ প্রবেশ করে Academic Level থেকে Degree (pass) সিলেক্ট করে Next বাটনে ক্লিক করবে। অতঃপর নির্বাচিত ৭ ডিজিটের Admission Roll যাচাই করবে।

ধাপ ২- চাহিদা অনুযায়ী ফরম পূরণ করে সাবমিট করার পর মোবাইল নাম্বার এবং Admission Roll দিয়ে Check বাটনে ক্লিক করলে ভর্তির জন্য প্রযোজ্য ফিস সমূহ দেখা যাবে। অতঃপর উক্ত ফি অনলাইনে (নগদ/বিকাশ.....) পরিশোধ করে Pay Slip প্রিন্ট করে সংরক্ষণ করবে।

(৩) শিক্ষার্থী ফি জমাদানের পর ২৭/১০/২০২৪ খ্রি. হতে ১০/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্র কলেজ অফিসে জমা দিবে-

(ক) ভর্তির চূড়ান্ত আবেদন ফরমের প্রিন্ট কপি।

(খ) Pay Slip প্রিন্ট কপি।

(গ) এইচএসসি পাশের মূল নম্বরপত্র।

(ঘ) এসএসসি ও এইচএসসি পাশের নম্বরপত্রের একসেট ফটোকপি(একসেট অবশ্যই শিক্ষার্থী নিজের কাছে সংরক্ষণ করবে)।

(ঙ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

(চ) এইচএসসি পাশের প্রশংসাপত্র একসেট ফটোকপি।


কাগজপত্র জমা দেয়ার পর কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করবে এবং মোবাইলে মেসেজের মাধ্যমে শিক্ষার্থীর নিজ প্রোফাইলের লগইন পাসওয়ার্ড এবং অটোজেনারেটেড রোল দেওয়া হবে। ভর্তি নিশ্চয়নের মেসেজ না পেলে শিক্ষার্থী অবশ্যই কলেজ অফিসে যোগাযোগ করবে।

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র জমা না দিলে শিক্ষার্থীর ভর্তির আবেদন সয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

প্রতিস্বাক্ষর

  
অধ্যক্ষ

সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

  
আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি  
সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট